৫৬

৭২

দৈনিক ইত্তেফাক

তারিখ ...27 JUL 1993 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫ ...

# ক্যাম্পাসে সুস্থ পরিবেশ রক্ষায় ঐক্যমত

ইত্তেফাক রিপোর্ট ৷৷ ক্যাম্পাসের সাম্প্রতিক পরিস্থিতি আলোচনার লক্ষ্যে গতকাল (সোমবার) ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সহিত বিভিন্ন ছাত্র সংগঠনের

(২য় পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## ক্যাম্পাসে সুস্থ পরিবেশ

( ১ম পৃঃ পর )

সভা অনুষ্ঠিত হয়। ভিসি প্রফেসর এমাজউদ্দিন আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় ছাত্র নেতৃবৃন্দ ক্যাম্পাসের সুষ্ঠু পরিবেশ বজায় রাখার লক্ষ্যে ঐক্যমত পোষণ করিয়াছেন।

একটি সূত্র জানায়, সভায় বিভিন্ন হলের পরিস্থিতি আলোচনাকালে বিতাড়িত ছাত্রদের প্রসঙ্গ গুরুত্ব পায়। ছাত্রলীগ ( ম-ই )সহ কয়েকটি ছাত্র সংগঠন অভিযোগ করেন, 'তাহাদের কর্মীদের বিভিন্ন হলে থাকিতে দেওয়া হইতেছে না। ক্যাম্পাসে সুষ্ঠু রাজনৈতিক চর্চার বিষয়ও আলোচনায় স্থান পায়। সভার সিদ্ধান্ত অনুযায়ী ক্যাম্পাসে কোন ছাত্র সংগঠনই বহিরাগতদেরকে আশ্রয় দিবে না। সকল হলে রাজনৈতিক চর্চার স্বাধীনতা থাকিবে, তবে রাজনৈতিক চর্চার নামে কোন বিশৃঙ্খল আচরণকে প্রশ্রয় দেওয়া হইবে না। কোন ছাত্র সংগঠনই নেতা-নেত্রীদের নামে আপত্তিকর শ্লোগান বা বক্তৃতা দিবে না। ক্লাশ চলাকালে করিডোরে মিছিল করা হইতে বিরত থাকিতে হইবে। বিতাড়িত ছাত্রদের নিজ নিজ হলে থাকার সুযোগ করিয়া দিতে হইবে।

জানা যায়, ডাকসু নির্বাচনের ব্যাপারে সভায় কোন আলোচনা হয় নাই। কোন ছাত্র সংগঠনের পক্ষ হইতেও এই ব্যাপারে কোন প্রস্তাব করা হয় নাই। বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ডঃ নজরুল ইসলামসহ বিশ্ববিদ্যালয়ের কয়েকজন উর্ধ্বতন কর্মকর্তা সভায় উপস্থিত ছিলেন।